



**পল্লী সঞ্চয় ব্যাংক**  
**প্রধান কার্যালয়**  
**রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)**  
**৩৭/৩/এ, ইস্কান্ডেন গার্ডেন রোড**  
**ঢাকা-১০০০**



নং-পসব্য/প্রকা/প্রশা-৯/২০২২-২৩/নং ৬১

তারিখ: ২৯/১১/২০২২ খ্রি.

- ১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।
- ২। শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়ঃ ১লা জানুয়ারি, ২০২৩ পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে মতবিনিময় সভার জন্য জুম মিটিং এ অংশগ্রহণ সংক্রান্ত।

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০১। পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে মতবিনিময় সভার জন্য আগামী ১লা জানুয়ারি, ২০২৩ সকাল ১১:০০ ঘটিকায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জুম মিটিং আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভায় পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব শেখ মোঃ জামিনুর রহমান, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব খান ইকবাল হাসান এবং অন্যান্য কর্তৃকর্তাগণ সংযুক্ত থাকবেন। উক্ত সভায় জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপকগণ তাদের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে সংশ্লিষ্ট জুম আইডিতে সংযুক্ত থাকবেন। জুম আইডি ও পাসওয়ার্ড জেলা কার্যালয়ের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের আওতাধীন শুধুমাত্র শাখা ব্যবস্থাপকগণকে সভার আইডি ও পাসওয়ার্ড প্রদান করবেন। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপকগণ ব্যতীত অন্য কোন কর্মকর্তা/কর্মচারী জুম মিটিং এ লগইন করতে পারবে না।

০২। জেলা ও শাখা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ নিম্নোক্তভাবে জুম মিটিং এ সংযুক্ত হবেন:

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ	DO সংশ্লিষ্ট জেলার নাম
শাখা ব্যবস্থাপকগণ	BM সংশ্লিষ্ট শাখার নাম

০৩। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অনলাইন মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

  
 ইলিয়াস মোহাম্মদ মাসুম বিলাহ  
 উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা  
 পল্লী সঞ্চয় ব্যাংক  
 প্রধান কার্যালয়

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ০১। পিএস, চেয়ারম্যানের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অফিস নথি।